

অথবা

- ২.খ. অহল্যার যে জীবনের কথা পুরাণ বা মহাকাব্য ভেবেই দেখেনি রবীন্দ্রনাথের কবিতা সেই জীবনের প্রতি বিস্মিত হয়ে তাকিয়ে রয়েছে। ফলত রামচন্দ্র, গৌতম কিংবা ইন্দ্র কেউই এখানে গুরুত্ব পাননি। অহল্যার কাছে এই কবিতার কথকের মূল প্রশ্নগুলি তাহলে কী সংক্ষেপে আলোচনা করো। প্রসঙ্গত জানাও অহল্যার 'পাপ' সম্পর্কে কবির সম্পূর্ণ নীরবতার কি কোনো কারণ তুমি খুঁজে পাও? ১০

- ৩.ক. 'শ্যামলী' কাব্যগ্রন্থের 'আমি' কবিতায় রবীন্দ্রনাথ লিখেছিলেন, "মানুষের অহংকার পটেই/বিশ্বকর্মার বিশ্বশিল্প।" এই উচ্চারণের তাৎপর্য কী বুঝিয়ে লেখ। ১০

অথবা

- ৩.খ. 'আগড়ুম বাগড়ুম ঘোড়াডুম সাজে' কবিতায় এক শব্দজীবীর অনিবার্য বেদনা কীভাবে প্রকাশ পেয়েছে ব্যাখ্যা করে লেখ। ১০

- ৪.ক. 'স্বপ্নপ্রয়াণ' কাব্য পড়লে বোঝা যায়, এই কাব্য রবীন্দ্রনাথকে প্রভাবিত করেছিল।— আলোচনা করো। ১০

অথবা

- ৪.খ. 'স্বপ্নপ্রয়াণ' কাব্যে কবিত্ব-সম্পদের পাশাপাশি শিল্প-সম্পদের যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় বুঝিয়ে দাও। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বাংলা কবিতা

কোর্স পি. জি. - ২.৪

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১.ক. 'মেঘনাদবধ কাব্য' রচনায় মধুসূদন আশ্চর্য সব চিত্রকল্প নির্মাণ করেছিলেন। যুগপরিবেশ, চরিত্রের অন্তর্দ্বন্দ্ব ফুটিয়ে তোলার ক্ষেত্রে চিত্রকল্পগুলির গুরুত্ব ও শিল্পনৈপুণ্য বিশ্লেষণ করো। ১০

অথবা

- ১.খ. 'গাইব, মা বীররসে ভাসি/মহাগীত'—কাব্যের সূচনায় বীররসের কাব্য রচনার প্রতিশ্রুতি থাকলেও, শেষপর্যন্ত কতটা তা সফল হয়েছে বলে তুমি মনে কর? যুক্তিসহ বিশ্লেষণ করো। ১০

- ২.ক. 'স্বপ্ন' কবিতার কথক ও তার 'পূর্বজন্মের প্রথমা প্রিয়া'র সাক্ষাৎ ও মিলন প্রসঙ্গে বারবার এসেছে দ্বারপ্রান্ত, দ্বার, দ্বারতরুতল, দ্বারপাশে। এই কবিতায় স্থান নির্বাচনে উপর্যুপরি দ্বার-এর উল্লেখ কোনো তাৎপর্য তৈরি করে কি? কবিতাটি আলোচনাসূত্রে এ বিষয়ে তোমার অভিমত জানাও। ১০

(Turn over)